

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, জানুয়ারি ১, ২০২৫

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
কমিটি বিষয়ক অধিশাখা
www.cabinet.gov.bd

প্রজ্ঞাপন

তারিখ: ১৫ পৌষ ১৪৩১ বঙ্গাব্দ/ ৩০ ডিসেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

নম্বর- ০৪.০০.০০০০.৬১১.০৬.০০৮.২৪.২২৫—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার ‘জাতীয় পরিবেশ ও জলবায়ু পরিবর্তন (NCECC) কমিটি’ নিম্নরূপে গঠন করেছে:

(ক) কমিটির গঠন:

- | | | |
|------|--|------------|
| (১) | প্রধান উপদেষ্টা, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার | : আহ্বায়ক |
| (২) | উপদেষ্টা, অর্থ মন্ত্রণালয় | : সদস্য |
| (৩) | উপদেষ্টা, পরিকল্পনা মন্ত্রণালয় | : সদস্য |
| (৪) | উপদেষ্টা, ভূমি মন্ত্রণালয় | : সদস্য |
| (৫) | উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় | : সদস্য |
| (৬) | উপদেষ্টা, খাদ্য মন্ত্রণালয় | : সদস্য |
| (৭) | উপদেষ্টা, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয় | : সদস্য |
| (৮) | উপদেষ্টা, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | : সদস্য |
| (৯) | উপদেষ্টা, পানি সম্পদ মন্ত্রণালয় | : সদস্য |
| (১০) | উপদেষ্টা, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় | : সদস্য |

(২৩)

মূল্য : টাকা ৪০০

(১১)	উপদেষ্টা, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	:	সদস্য
(১২)	উপদেষ্টা, নৌপরিবহন মন্ত্রণালয়	:	সদস্য
(১৩)	উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়	:	সদস্য
(১৪)	উপদেষ্টা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(১৫)	মন্ত্রিপরিষদ সচিব	:	সদস্য
(১৬)	প্রধান উপদেষ্টার মুখ্য সচিব	:	সদস্য
(১৭)	সচিব, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(১৮)	সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ	:	সদস্য
(১৯)	সচিব, ভূমি মন্ত্রণালয়	:	সদস্য
(২০)	সচিব, নৌপরিবহন মন্ত্রণালয়	:	সদস্য
(২১)	সচিব, শিল্প মন্ত্রণালয়	:	সদস্য
(২২)	সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়	:	সদস্য
(২৩)	সদস্য, আর্থ-সামাজিক অবকাঠামো বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন	:	সদস্য
(২৪)	সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়	:	সদস্য
(২৫)	সচিব, বিদ্যুৎ বিভাগ	:	সদস্য
(২৬)	সদস্য, কার্যক্রম বিভাগ, বাংলাদেশ পরিকল্পনা কমিশন	:	সদস্য
(২৭)	সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ	:	সদস্য
(২৮)	এসডিজি বিষয়ক মুখ্য সমন্বয়ক, প্রধান উপদেষ্টার কার্যালয়	:	সদস্য
(২৯)	সচিব, স্থানীয় সরকার বিভাগ	:	সদস্য
(৩০)	নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)	:	সদস্য
(৩১)	প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর	:	সদস্য
(৩২)	মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর	:	সদস্য
(৩৩)	চেয়ারম্যান, বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন প্রতিষ্ঠান (স্পারসো)	:	সদস্য
(৩৪)	চেয়ারম্যান, জাতীয় নদী রক্ষা কমিশন	:	সদস্য
(৩৫)	সভাপতি, বাংলাদেশ শিল্প ও বণিক সমিতি	:	সদস্য
(৩৬)	সরকার কর্তৃক মনোনীত পরিবেশ ও জলবায়ু বিষয়ক ২ (দুই) জন বিশেষজ্ঞ (পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কর্তৃক মনোনীত)	:	সদস্য
(৩৭)	সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়	:	সদস্য-সচিব

এ কমিটিতে 'সচিব' বলতে সিনিয়র সচিবও অন্তর্ভুক্ত হবেন।

(খ) কমিটির কার্যপরিধি:

- (১) জাতীয় পরিবেশ নীতি ও জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতীয় পরিকল্পনা/কৌশল এবং পরিবেশ ও জলবায়ু পরিবর্তন সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- (২) পরিবেশ ও জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতিসংঘ সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের বিষয়াদি বিবেচনা;
- (৩) সরকারের পরিবেশ নীতি ও জলবায়ু পরিবর্তন বিষয়ক জাতীয় পরিকল্পনা/কৌশল বাস্তবায়নে আন্তঃমন্ত্রণালয় সমস্যাগুলি চিহ্নিতকরণ ও সমাধানের প্রয়োজনীয় নির্দেশনা প্রদান; এবং
- (৪) আনুষঙ্গিক অন্যান্য বিষয়াদি বিবেচনা।

(গ) কমিটি বছরে ন্যূনতম ১ (এক) টি সভা করবে।

(ঘ) কমিটি প্রয়োজনে সদস্য কো-অপ্ট করতে পারবে।

(ঙ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় এ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

(চ) এতৎসংক্রান্ত বিষয়ে মন্ত্রিপরিষদ বিভাগের ১৫ অক্টোবর ২০২৩ তারিখের ০৪.০০.০০০০.৬১১.০৬.০০১.২২.১৪০ নম্বর স্মারকে জারিকৃত প্রজ্ঞাপন বাতিল বলে গণ্য হবে।

২। এটি অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

জাহেদা পারভীন
অতিরিক্ত সচিব (কমিটি ও অর্থনৈতিক)
ফোন: ৯৫১১০৩৬
e-mail: addl_ce@cabinet.gov.bd